


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



নং-৪৬০.০৪২.০১৪.৫২.০১.০৫৬.২০১২(১). ৫৩২

তারিখঃ ১৫ ফাল্গুন ১৪২৩ বঙ্গাব্দ
০২ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ২০১৪-২০১৫ অর্থ বছরে বরিশাল জেলা পরিষদের আরএডিপি সাধারণ বরাদ্দ উপখাতের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।


সূত্রঃ বরিশাল জেলা পরিষদের স্মারক নং-জে:প:ব:/২০১৭/০৪, তারিখঃ ৪/১/২০১৭।

২০১৪-২০১৫ অর্থ বছরে বরিশাল জেলা পরিষদের আরএডিপি সাধারণ বরাদ্দের আওতায় ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকায় গৃহীত নিম্নোক্ত দুটি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

ক্র: নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ
১.	হিজলা উপজেলার দুর্গাপুর লক্ষণঘাট থেকে টেকেরহাটের রাস্তায় ইন্দুরিয়া পলবান বাড়ীর সল্লিকটে ৪০' ব্রীজ নির্মাণ	৪,০০,০০০/-
২.	মেহেন্দিগঞ্জ উপজেলার জিল্লু মিয়া বাড়ীর সামনে থেকে রেকাত আলী মৃধার ব্রীজ পর্যন্ত ফ্লাট সোলিং দ্বারা উন্নয়ন	৪,০০,০০০/-

শর্তসমূহঃ

- ১) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ২) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৩) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৪) প্রকল্পসমূহ সমাপ্তির পর জনগণের অবগতির জন্য প্রকল্পস্থানে “জেলা পরিষদ বরিশাল এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।


(জুবাইদা নসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, বরিশাল।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, বরিশাল।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।